



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

Website: www.biwta.gov.bd

Facebook Page: www.facebook.com/biwta1958

বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, পোস্ট বক্স নং-৭৬, ঢাকা-১০০০, বাংলাদেশ।
BIWTA BHABAN, 141-143, MOTIHEEL C/A, POST BOX 76, DHAKA-100, BANGLADESH



মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিষ্কার
Fax No. : 880-2-9551072
Grams : AUTHORITY
Phones : 9556151-55
: 95554070
: 9552039
: 9552027

নং-১৮.১১.০০.০০.০৩৬.০৭.১৪৮.১৯/ ২৪২

তারিখ : ০৭/০৮/২০২২

“গাড়ী বিক্রয়ের বিজ্ঞপ্তি”

বিআইডব্লিউটিএ'র অচল ঘোষিত 'জীপ গাড়ি' নং-ঢাঃ-মেঃ-ঘ-১১-০৯১৬ গাড়িটি বিক্রয়ের লক্ষ্যে আত্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ২১/০৮/২০২২ সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ১২.৩০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্থাপিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে এবং একই দিন বেলা ১৪.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। গাড়ীটির জন্য সাদা কাগজে/লেটার হেড প্যাডে (প্রতিষ্ঠান) আবেদন পত্রে দর উল্লেখ করতে হবে। গাড়ীটির বিবরণ নিম্নরূপ :

| ক্রঃ নং | গাড়ীর রেজিস্ট্রেশন | গাড়ীর ধরন | মডেল | গাড়ীর অবস্থান |
|---------|---------------------|------------------|------|----------------|
| ১। | ঢাঃ-মেঃ-ঘ-১১-০৯১৬ | জীপ (মিত্সুবিসি) | ১৯৯৬ | চট্টগ্রাম |

- ০২। আত্রহী ক্রেতা/প্রতিষ্ঠানসমূহকে বিআইডব্লিউটিএ'র অনুকূলে যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রতিটি গাড়ীর জন্য উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) হারে (ফেরত যোগ্য) আর্নেস্টম্যানি দরপত্রের সাথে দাখিল করতে হবে। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মনোনীত দরদাতাকে ১৫(পনের) দিনের মধ্যে দরপত্রের সম্পূর্ণ টাকা পরিশোধ করতঃ গাড়ীর ডেলিভারী গ্রহণ করতে হবে। অন্যথায় আর্নেস্টম্যানির টাকা বাজেয়াপ্ত হবে। সফল দরদাতাকে উদ্ধৃত মূল্যের ওপর সরকারী বিধি মোতাবেক ৫% আয়কর, ৭.৫% ভ্যাট বাবদ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিআইডব্লিউটিএ'র অনুকূলে প্রদান করতে হবে।
- ০৩। উল্লেখিত গাড়ীটি অফিস চলাকালীন সময়ে চট্টগ্রাম দপ্তরে পরিদর্শন করা যাবে এবং বিস্তারিত তথ্য জানার জন্য নির্বাহী প্রকৌশলী(পুরঃ), চট্টগ্রাম/সহকারী প্রকৌশলী (যাঃ), যানবাহন শাখা, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা অথবা মটর মেকানিক, যানবাহন শাখা, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, বিআইডব্লিউটিএ ভবন(বেইজমেন্ট), ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এর সাথে ২০/০৮/২০২২ তারিখ পর্যন্ত যোগাযোগ করা যাবে।
- ০৪। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৫। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

০৭.০৮.২০২২

(মোহাম্মদ মিজানুর রহমান)
উপ-পরিচালক (প্রশাসন)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।